

৪ বর্ষ ৪৮ সংখ্যা ১৯ এপ্রিল ২০০২/ ৭ বৈশাখ ১৪০৯

চির নতুনের কেতন উড়িয়ে বাঙালির জীবনে আবারও এসেছে ঐতিহ্যবাহী বাংলা বর্ষের প্রথম দিন পহেলা বৈশাখ। পহেলা বৈশাখ বাঙালির চিরায়ত সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। এদিন সমস্ত বাঙালি ধর্ম-বর্ণের পরিচয় ভুলে অবগাহন করে নববর্ষের মহানন্দে। উপলব্ধি করে অস্তিত্ব এক নৃতাত্ত্বিক জাতিসত্তার।

পহেলা বৈশাখ দীর্ঘ ঐতিহ্য বহন করে চলছে। প্রাচীন কালে এ অঞ্চলে শকারি শালি বাহন নামক রাজার নামানুসারে শকাব্দ সাল গণনা করা হতো। আনুমানিক ৭৮ খ্রিস্টাব্দ থেকে শকাব্দ গণনা শুরু হয়। এ সনের বর্ষ শুরু হতো অগ্রহায়ণ মাস থেকে। মোঘল আমলে রাজকার্য পরিচালিত হত চন্দ্র বর্ষের সন হিজরি অনুসারে। ফলে রাজকার্য পরিচালনা ও খাজনা আদায়ে দেখা দিতো বিভ্রম। এ কারণে মোঘল সম্রাট আকবর রাজকার্যের সুবিধার জন্য হিজরি সালের সাথে সমঝোতা করে বাংলা সাল গণনা শুরু করেন। তবে তিনি হিজরির চন্দ্র বর্ষের বদলে সৌর বর্ষ চালু করেন। মাসগুলোর নাম শকাব্দ বর্ষের নামানুসারে রাখেন। মূলত সম্রাট আকবরের রাজসভার বরণ্য পন্ডিতেরা হিজরি, পারস্য ও শকাব্দ সালের সমঝোতা করে বাংলা সনের প্রবর্তন করেন। সম্রাটের সিংহাসন আরোহণের মাস বৈশাখ থেকে বর্ষ শুরু হয়। সম্রাট আকবরের প্রবর্তিত বর্ষ গণনা, জাতি-ধর্ম নির্বিশেষে সবাই মেনে নেয়। তখন থেকেই পহেলা বৈশাখকে নানা উৎসবের মাধ্যমে উদ্‌যাপন প্রথা চালু হয়। কালের বিবর্তনে বৈশাখ হয়ে ওঠে বাঙালির সর্বজনীন উৎসবে।

বাঙালির এই সর্বজনীন উৎসব পহেলা বৈশাখকে নিয়ে অতীতের মতো আজও চলছে চক্রান্ত। পহেলা বৈশাখকে বিশেষ ধর্মীয় অনুষ্ঠান ঘোষণা দিয়ে বায়তুল মোকাররম মসজিদের খতিব ওবায়দুল হক বর্জন করার হুমকি দিয়েছেন। তার সাথে সুর মিলিয়েছেন জামায়াতের সংসদ সদস্য দেলাওয়ার হোসাইন সাঈদী। বাঙালি জাতিসত্তার এ চক্রান্তের বিরুদ্ধে সাপ্তাহিক ২০০০ সব সময় সোচ্চার। এ চক্রান্তের প্রতিবাদস্বরূপ সাপ্তাহিক ২০০০ বিশেষ সংখ্যা বের করছে। কেননা আমরা মনে করি এমন চক্রান্তের বিরুদ্ধে প্রয়োজন সম্মিলিত প্রতিরোধ। সবাইকেই এ বিষয়ে এগিয়ে আসতে হবে।

দেশের প্রথিতযশা সাহিত্যিক ও উদীয়মান লেখকদের লেখায় সমৃদ্ধ সংখ্যাটি। তরুণ প্রতিভা বিকাশের জন্য এবারও আমরা অপেক্ষাকৃত তরুণদের লেখাকে যত্নে গুরুত্ব দিয়েছি। দেশে এই প্রথম পহেলা বৈশাখে প্রকাশিত হলো এতো বড় কলেবরের বিশেষ সংখ্যা।

শিশু কিশোরদের সৃজনশীল প্রতিভা বিকাশের বিষয়ে সাপ্তাহিক ২০০০ সব সময়ই উৎসাহ দিয়ে আসছে। এরই অংশ হিসেবে নববর্ষের এই বিশেষ সংখ্যার সঙ্গে প্রকাশিত হলো ২৪ পৃষ্ঠার রবিন অ্যালবাম 'স্বপ্নের ডুবন'। নিডো আয়োজিত 'স্বপ্ন আঁকো পুরস্কার জেতো' প্রতিযোগিতায় বিজয়ীদের আঁকা ছবিগুলো এখানে প্রকাশিত হলো। এছাড়া এই বিশেষ সংখ্যাকে সামনে রেখে ট্রান্সকম বাংলাদেশ লিমিটেডের ফিলিপ্স লাইটিং গল্ড 'জীবনে আশার আলো' শিরোনামে এই প্রতিযোগিতার আয়োজন করে সাপ্তাহিক ২০০০ ব্যাপক সাড়া পায়। ৪১৬২টি গল্প জমা পাড় দেশ-বিদেশের বিভিন্ন এলাকা থেকে। আমরা আশাবাদী এদের মধ্য থেকে হয়তো ভবিষ্যতে নতুন গল্পকার তৈরি হবেন।

এ বছর পহেলা বৈশাখ এমন এক সময় এসেছে, যখন দেশে অস্থিতিশীল পরিবেশ বিরাজ করছে। খুন, ধর্ষণ, অপহরণ, হরতাল, জ্বালাও, পোড়াও রপ্তিকে ক্ষত বিক্ষত করছে। বৈশাখের রুদ্ররূপ ধুয়ে-মুছে নিয়ে যাক সকল গ্লানি আর অকল্যাণকে। বয়ে আনুক জাতীয় জীবনে শান্তি ও সমৃদ্ধির বার্তা।

স্বাগত পহেলা বৈশাখ। স্বাগত ১৪০৯ বঙ্গাব্দ। সাপ্তাহিক ২০০০-এর সকল পাঠক, গ্রাহক, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীকে নববর্ষের শুভেচ্ছা।

এই শতাব্দীর সাপ্তাহিক
২০০০



উপন্যাস ৪টি
২০০০